অতীব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৪৬৭০.০৩৫.৪৬.৫৪৮.২১-৮৭৫

তারিখ: ১১ পৌষ ১৪৩০ / ২৬ ডিসেম্বর ২০২৩

বিষয়ঃ বিজ্ঞ নির্বাচন ট্রাইব্যুনালের আদেশ অনুযায়ী সংশোধিত গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত খাগড়াছড়ি জেলার মাটিরাঙ্গা উপজেলার তবলছড়ি ইউনিয়ন পরিষদের **চেয়ারম্যান** পদে মাননীয় আপিল বিভাগ ও মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশ প্রতিপালনার্থে নির্বাচন ট্রাইব্যুনালের ও আপিল ট্রাইব্যুনালের আদেশ ও রায় অনুযায়ী সংশোধিত গেজেট বিজ্ঞপ্তির ১৫ (পনেরো) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসংগে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (চলতি দায়িত্ব)
ফোনঃ ৫৫০০৭৫৬৫
ফ্যাক্স নং-৫৫০০৬৬৭৭
মোবাইল:+৮৮-০১৫৫০০৪২০৫৩
mizanr63@yahoo.com

জেলা প্রশাসক
**খাগড়াছড়ি**

নং-১৭.০০.৪৬৭০.০৩৫.৪৬.৫৪৮.২১-৮৭৫

তারিখ: ১১ পৌষ ১৪৩০ / ২৬ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, **চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম** (০২ কপি)
৪। জেলা নির্বাচন অফিসার, **খাগড়াছড়ি (০৩** কপি) [ ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ ]
৫। উপজেলা নির্বাহী অফিসার, **মাটিরাঙ্গা, খাগড়াছড়ি** (০২ কপি)
৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
৭। উপজেলা নির্বাচন অফিসার**, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি** (০২ কপি)
৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২৪, ২০২৩

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা

## সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ : ০৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.৪৬৭০.০৩৫.৪৬.৫৪৮.২১.৮৪২।—মাননীয় আপিল বিভাগ সিপিএলএ নং-৩৫২৯/২০২৩ এর ২৯ নভেম্বর ২০২৩ তারিখের আদেশে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৩৪৩৪/২০২৩ এর ৩১ অক্টোবর ২০২৩ তারিখের আদেশকে ২২ জানুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত স্থগিত করায় নির্বাচনি মোকদ্দমা নং-০৯/২০২২ এ প্রদত্ত ১৮ এপ্রিল ২০২৩ তারিখের আদেশ অনুযায়ী খাগড়াছড়ি জেলার মাটিরাঙ্গা উপজেলাধীন ২নং তবলছড়ি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে জনাব আবুল কাশেম ভূইয়া এর নামে ১২ জানুয়ারি ২০২২ তারিখে প্রকাশিত গেজেট বাতিল ঘোষণা করে দরখাস্তকারী জনাব নুর মোহাম্মদ-কে নির্বাচিত ঘোষণা করায় তাঁর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা গত ১২ জানুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ৭৩৫নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত 'তবলছড়ি' এর বিপরীতে ২নং কলামে বর্ণিত 'আবুল কাশেম ভূইয়া, পিতা-হাজী মোঃ ইসলাম ভূইয়া, গ্রাম: ভূইয়া পাড়া ১৮১নং তবলছড়ি মৌজা' এর পরিবর্তে 'নুর মোহাম্মদ, পিতা: মোহাম্মদ আলী, গ্রাম: সিংহপাড়া' ও ৩নং কলামে বর্ণিত 'স্বতন্ত্র' এর পরিবর্তে 'বাংলাদেশ আওয়ামী লীগ' শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ আতিয়ার রহমান**
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

মূল্য : টাকা ৪.০০